**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**আইন ডিভিশন**
**সিএমআরআরসি ডিপার্টমেন্ট**
**রেগুলেটরী সেকশন**

নং-৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০৪৬২.২৬.১০৮ | তারিখ: ৩০ জুলাই ২০২৬

## আদেশ

যেহেতু, পুঁজিবাজারের উন্নয়ন, বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ এবং পুঁজিবাজার-সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডারের বিষয়াদি অধিকতর দ্রুত, দক্ষ, সুশৃঙ্খল ও স্বচ্ছভাবে পরিচালনা ও নিষ্পত্তি করা প্রয়োজন; এবং

যেহেতু, বর্তমানে পুঁজিবাজার-সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডারের বিষয়াদি কমিশনের চেয়ারম্যান অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, কোনো কমিশনার কর্তৃক গ্রহণের পর সংশ্লিষ্ট ডিভিশনে প্রেরণ করা হয়, ফলে উক্ত প্রক্রিয়ায় অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়; এবং

যেহেতু, উক্ত সময় হ্রাস এবং পুঁজিবাজার-সংশ্লিষ্ট বিষয়াদি অধিকতর দ্রুততার সঙ্গে নিষ্পত্তির লক্ষ্যে Securities and Exchange Ordinance, 1969, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, ডিপজিটরি আইন, ১৯৯৯ এবং এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ তথা আইনসমূহ এবং উহা বা উহাদের অধীন প্রণীত বিভিন্ন বিধি, প্রবিধান, আদেশ বা নির্দেশনার আলোকে কোনো আত্ম-নিয়ামক সংস্থা, পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটির ইস্যুয়ার বা যে কোনো সিকিউরিটির ইস্যুয়ার, নিবন্ধিত বাজার মধ্যস্থতাকারী এবং অন্যান্য সংশ্লিষ্ট কোম্পানি, প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক কমিশন, কমিশনের চেয়ারম্যান অথবা কোনো কমিশনার বরাবর দাখিলযোগ্য কোনো আবেদন, রিপোর্ট, প্রতিবেদন, চিঠিপত্র এবং অন্যান্য নিয়মিত বা অনিয়মিত দলিলাদি ডায়েরিভুক্তকরণের উদ্দেশ্যে কমিশনের সংশ্লিষ্ট ডিভিশনের দায়িত্বপ্রাপ্ত প্রধান তথা "নির্বাহী পরিচালক" বরাবর দাখিল করা সমীচীন;

অতএব, সেহেতু, Securities and Exchange Ordinance, 1969-এর ধারা 20A-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন নিম্নরূপ আদেশ প্রদান করিল, যথা:—

১। Securities and Exchange Ordinance, 1969, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, ডিপজিটরি আইন, ১৯৯৯ এবং এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ তথা আইনসমূহ এবং উহা বা উহাদের অধীন প্রণীত বিভিন্ন বিধি, প্রবিধান, আদেশ ও নির্দেশনার আলোকে কোনো আত্ম-নিয়ামক সংস্থা, পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটির ইস্যুয়ার বা যে কোনো সিকিউরিটির ইস্যুয়ার, নিবন্ধিত বাজার মধ্যস্থতাকারী এবং অন্যান্য সংশ্লিষ্ট কোম্পানি, প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক কমিশন, কমিশনের চেয়ারম্যান অথবা কোনো কমিশনার বরাবর দাখিলযোগ্য কোনো আবেদন, রিপোর্ট, প্রতিবেদন, চিঠিপত্র এবং অন্যান্য নিয়মিত বা অনিয়মিত দলিলাদি ডায়েরিভুক্তকরণের উদ্দেশ্যে কমিশনের সংশ্লিষ্ট ডিভিশনের দায়িত্বপ্রাপ্ত প্রধান তথা "নির্বাহী পরিচালককে" দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নরূপভাবে দাখিল করিতে হইবে:

**"চেয়ারম্যান**
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণঃ নির্বাহী পরিচালক (সংশ্লিষ্ট ডিভিশনের নাম)।"

২। নিম্নলিখিত বিষয়সমূহ সরাসরি কমিশনের চেয়ারম্যান বরাবর দাখিল করিতে হইবে, যথা:—
(ক) যে কোনো অভিযোগ;
(খ) তথ্য প্রকাশকারী (Whistleblower) কর্তৃক প্রদত্ত তথ্য, ঘোষণা বা অভিযোগ;

(গ) কমিশনের নির্দেশে পরিচালিত অনুসন্ধান বা তদন্ত প্রতিবেদন বা অন্য কোনো বিশেষ প্রতিবেদন;
(ঘ) বিশেষ নিরীক্ষা প্রতিবেদন; এবং
(ঙ) কমিশন কর্তৃক বিশেষভাবে নির্ধারিত অন্য কোনো বিষয়:

৩। অনলাইন প্লাটফরমে দাখিলযোগ্য আবেদন, প্রতিবেদন, অভিযোগ, ইত্যাদি বিষয়সমূহ কমিশন কর্তৃক নির্ধারিত অনলাইন প্লাটফরমে দাখিল করিতে হইবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

30 JUL 2026

মাসুদ খান
চেয়ারম্যান।